

শিক্ষার্থীরাই পারে দেশে পরিবর্তন আনতে: ইউজিসি চেয়ারম্যান

বরিশাল ব্যুরো

১৮ অক্টোবর ২০২৫, ০৮:৪০ পিএম



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক এস এম এ ফায়েজ বলেছেন, প্রত্যাশাকে ধারণ করে প্রত্যেক শিক্ষার্থীকে তার গন্তব্যে এগিয়ে যেতে হবে। শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে আন্তরিকতা থাকতে হবে।

শনিবার (১৮ অক্টোবর) নগরীর বেলসপার্ক মাঠে বরিশালের বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজের (ইউজিভি) প্রথম সমাবর্তন অনুষ্ঠানে এসব কথা বলেন ইউজিসি চেয়ারম্যান।

তিনি বলেন, শিক্ষার্থীরা ঐক্যবদ্ধ থাকলে যেকোনো কিছু অর্জন সম্ভব, যার উদাহরণ গত বছরের ৫ আগস্ট। তারা এক হয়ে বিজয় লাভের মধ্যদিয়ে দেশে পরিবর্তন এনেছে। এই শিক্ষার্থীরা দেশকে নেতৃত্ব দেবে

সমাবর্তনে বিশ্ববিদ্যালয়ের ৬টি বিভাগের ৯টি ব্যাচের প্রায় ২ হাজার শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

সমাবর্তনে আরও বক্তব্য দেন ইউজিভির উপাচার্য অধ্যাপক ড. আবদুল বাকী, বোর্ড অব ট্রাস্টির চেয়ারম্যান ড. মো. ইমরান চৌধুরী, ট্রেজারার অধ্যাপক ড. রাবেয়া বেগম, সমাবর্তনের আহ্বায়ক অধ্যাপক ড. মো. ফরিদ আহমেদ প্রমুখ।